



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : www.bise-ctg.gov.bd



স্মারক নং-চশিবো/পরী-মাধ্য/পরি-১১/২০২২ অংশ-৯/১৫৮৪(২)

তারিখ : ২৫/০৯/২০২২ খ্রিঃ

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণদের মূল সনদ ও টেবুলেশন শীট বিতরণ সংক্রান্ত


বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম-এর আওতাধীন কলেজসমূহের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণকে জানানো যাচ্ছে, ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মূল সনদ ও টেবুলেশন শীট নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বিতরণ করা হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিজে অথবা তাঁর প্রাধিকার প্রাপ্ত কোন শিক্ষকের (শিক্ষক ব্যতীত অফিস সহকারী অথবা অন্য কাউকে সনদ ও টেবুলেশন শীট প্রদান করা হবে না) মাধ্যমে বর্ণিত তারিখে অফিস চলাকালীন অত্রবোর্ডের ৪র্থ তলা (৪০২ নং কক্ষ) থেকে মূল সনদ ও টেবুলেশন শীট গ্রহণ করার জন্য অনুরোধ করা হল। মূল সনদ ও টেবুলেশন শীট গ্রহণের পর কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে গ্রহণের ৭ (সাত) দিনের মধ্যে উচ্চ মাধ্যমিক শাখা থেকে সংশোধন করে নিতে হবে।

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখে মূল সনদ গ্রহণ করতে না পারলে যথাযথ কারণ উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করতে হবে। ইতোমধ্যে যারা মূল সনদ/টেবুলেশন শীট যেকোন একটি গ্রহণ করেছেন তাদেরকে অন্যটি গ্রহণ করার জন্য আসতে হবে।

ক্রমিক	জেলার নাম	তারিখ
০১	চট্টগ্রাম মহানগর	০২/১০/২০২২ খ্রিঃ
০২	চট্টগ্রাম উত্তর ও চট্টগ্রাম দক্ষিণ জেলা	০৩/১০/২০২২ খ্রিঃ
০৩	কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা	০৪/১০/২০২২ খ্রিঃ

বিঃদ্র: মূল সনদ টেবুলেশন শীট গ্রহণের সময় মূল সনদ গুণে ও যাচাই করে নিতে হবে।


২৫/৯/২২

(নারায়ন চন্দ্র নাথ)
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

ফোন- ০২৩৩৩৩৩৬৭৬৪, ফ্যাক্স : ০২৩৩৪৪৫৩১৫১।

Email : ce @ bise-ctg.gov.bd

